

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একজন মানুষের জন্য রাতে ততক্ষন পর্যন্ত সালাত আদায় করা বৈধ, যতক্ষন পর্যন্ত না ঘুম তাকে পরাভূত করেছে

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ الصَّلَاةَ بِاللَّيْلِ مَا لَمْ تَغْلِبْهُ عَيْنُهُ عَلَيْهِ

আরবী

2578 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدٌ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِحَبْل مَمْدُود بَيْنَ سَارِيَتَيْنِ فِي الْمَسْجِدِ فَقَالَ: (مَا هَذَا الْحَبْلُ؟) قَالُوا: فُلاَنَةٌ تُصلِّي فَإِذَا خَشْيَتْ أَنْ تُغْلَبَ أَخْذَتْ بِهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِتُصلِّي مَا عَقَلَتْهُ فَإِذَا خُشِيَتْ أَنْ تُغْلَبَ أَخْذَتْ بِهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِتُصلِّي مَا عَقَلَتْهُ فَإِذَا خُلْبَتْ فَلْبَتْ مُا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِتُصلِي مَا عَقَلَتْهُ فَإِذَا غُلِبَتْ فَلْبَتْمُ) اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِتُصلِي مَا عَقَلَتْهُ فَإِذَا غُلِبَتْ فَلْبَتْ الله الله المصدر: التعليقات الحسان الراوي: أَنَس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2578 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 2578 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

২৫৭৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মসজিদে প্রবেশ করেন এমন অবস্থায় যে, সে সময় মাসজিদের দুই খুঁটির মাঝে একটি রশি বাঁধা ছিল। অতঃপর তিনি বলেন, "এটা কী?" সাহাবীগণ বললেন, "এটি যাইনাব রাদ্বিয়াল্লাহু আনহার, তিনি সালাত আদায় করেন, অতঃপর যখন অলসতা আসে অথবা ক্লান্ত হয়ে যান, তখন তিনি এটি ধরেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা এটা খুলে ফেল।" তারপর তিনি বলেন, "তোমাদের প্রত্যেকেই যেন প্রাণবন্ত অবস্থায় সালাত আদায় করে। অতঃপর যখন অলসতা আসবে অথবা ক্লান্ত হয়ে যাবে, তখন সে যেন বসে পড়ে।"[1]



ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১১৮০; মুসনাদ আহমাদ: ৩/১০১; সহীহ মুসলিম: ৭৮৪; আবূ দাউদ: ১৩১২; নাসাঈ আল কুবরা: ১/২৭০; সহীহ আল বুখারী: ১১৫০; নাসাঈ: ৩/২১৮-২১৯; ইবনু মাজাহ: ১৩৭১; আবূ আওয়ানা: /৯৭-২৯৮; বাগাবী: ৯৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ১১৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন